অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/7/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন 43NORTH কোম্পানিগুলি পশ্চিম নিউ ইয়র্কে 400-র বেশি কর্মসংস্থান তৈরি করেছে

ইগনাইট বাফেলো জবকেড (JobCade) ইভেন্টের উদ্বোধনীর সময় মাইলস্টোন ঘোষণা করা হয়েছে, যাতে আছে স্থানীয় সবেমাত্র শুরু করা এবং ছোটো ব্যবসাগুলি যারা 200-র বেশি কর্মসংস্থানের সুযোগ তৈরি করেছে

গভর্নর অ্যান্ড্রু কুওমো আজ ঘোষণা করেছেন 43North এর পোর্টফোলিও পশ্চিম নিউ ইয়র্কে 400-র বেশি কর্মসংস্থান তৈরি করেছে। 43North হল স্টার্টআপ প্রতিযোগিতা যা পশ্চিম নিউ ইয়র্কে সবেমাত্র-শুরু করা কোম্পানিগুলিকে আকর্ষিত করতে এবং এই অঞ্চলে তাদের উন্নতি সাধন করতে বছরে 5 মিলিয়ন ডলার বিনিয়োগ করে। 2014 সালে প্রতিযোগিতাটি আরম্ভ করা থেকে, 43North 44টি কোম্পানিতে বিনিয়োগ করেছে।

"43North, ব্যবসা শুরু করার জন্য একটি ক্রমবর্ধমান কেন্দ্র হয়ে উঠতে এবং অঞ্চলটিতে একটি কৃতকর্মা কর্মীবল গঠনে পশ্চিম নিউ ইয়র্ককে সহায়তা করছে", **গভর্নর কুওমো বলেন,** "বাফেলোতে উদ্ভাবনী ব্যবসাগুলিকে নিয়ে আসা, ভবিষ্যতের জন্য কর্মসংস্থান তৈরি করা এবং স্থানীয় অর্থনীতির উর্ধগতি অব্যাহত রাখতে সহায়তাকারী এই উচ্চ-প্রোফাইলের প্রতিযোগিতাকে সহায়তা করা অব্যাহত রাখব।"

"সৃজনশীল 43North প্রতিযোগিতা কর্মসংস্থানের প্রকৃত বৃদ্ধি ঘটাচ্ছে এবং সবেমাত্র শুরু করা উচ্চ-প্রযুক্তির কোম্পানিগুলির উন্নতি প্রতিপালনে একজন পথপ্রদর্শক হিসাবে বাফেলোর পরিচিতি বৃদ্ধি করছে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "43North কোম্পানিগুলির সাফল্য অর্জন আমি নিজে চোখে দেখেছি, এবং এই অভূতপূর্ব মাইলস্টোন এই উদ্যোগের অবিরত গুরুত্ব প্রদর্শন করে। আমি আরও অনেক কোম্পানিকে পশ্চিম নিউ ইয়র্কে তাদের যাত্রা শুরু করা এবং সফল হতে দেখার অপেক্ষায় থাকব।"

43North প্রতিযোগিতা, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এবং নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority) থেকে অর্থায়ন সহ নিউ ইয়র্ক স্টেট থেকে মোট 55 মিলিয়ন ডলার দ্বারা সহায়তাপ্রাপ্ত। 5 মিলিয়ন নগদ বিনিয়োগের সাথে, প্রতিযোগিতার বিজয়ীরা বাফেলো তে রিলোকেট করে যেখানে তারা বিনামূল্যে এক বছরের জন্য ইনকুইবেটরের জায়গা পাবে, তাদের ক্ষেত্রের সাথে সম্পর্কিত মেন্টরদের থেকে পরামর্শ এবং START-UP NY, একটি প্রকল্প যা নিউ ইয়র্ক স্টেটে কোম্পানিগুলিকে 10 বছরের জন্য কর-মুক্ত ভাবে কাজ করতে সক্ষম করে, এরকম অন্যান্য আকর্ষণীয় প্রণোদক প্রকল্পে প্রবেশাধিকার পাবে। 43North কোম্পানিগুলি সম্প্রতি কয়েক গুচ্ছ খালি পদের জন্য নিয়োগ করছে।

জব মাইলস্টোন ঘোষণাটি আজ ইগনাইট বাফেলো (Ignite Buffalo) জবকেড ইভেন্টের উদ্বোধনের সময় করা হয়েছে। JobCade এ আছে পশ্চিম নিউ ইয়র্ক জুড়ে তিন ডজন সবেমাত্র শুরু করা এবং ছোটো ব্যবসা যারা বাফেলোর 500 সেনেকা (Seneca) ভবনে, 200-র বেশি চাকরি এবং ইন্টার্নশীপের জন্য নিয়োগ করছে। বিনামূল্যের এবং জনসাধারণের জন্য উন্মুক্ত জব ফেয়ারটি 43নর্থ, ACV অক্সান এবং বাফেলো নায়াগ্রা মেডিকেল ক্যাম্পাসের (Buffalo Niagara Medical Campus) সহায়তায় ইগনাইট বাফেলো আয়োজন করেছে। চাকরিপ্রার্থীদের সম্ভাব্য নিয়োগকারীদের সাথে মুখোমুখি সাক্ষাতের সুযোগ ছিল; তাদের রিজুমে এবং ইন্টারভিউয়ের দক্ষতাগুলি সম্পর্কে বিশেষজ্ঞের পরামর্শ পাওয়া; ACV অক্সান দ্বারা আয়োজিত একটি হ্যাপি হাওয়ার এবং নেটওয়ার্কিংয়ে অংশ নেওয়া; এবং বাফেলো নায়াগ্রা মেডিকেল ক্যাম্পাসের উদ্যোগে LinkedIn এর জন্য আবক্ষ ছবি তোলা।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "43North-কে অজস্র ধন্যবাদ, বাফেলো দেশের অন্যতম উদ্ভাবনী কেন্দ্র হয়ে উঠছে, একটি জায়গা যেখানে নতুন শুরু করা ব্যবসায়িক উদ্যোগগুলি উন্নতি লাভ করতে এবং ভবিষ্যতের কর্মসংস্থান সৃষ্টি করতে আসছে।"

43North পরিচালক মন্ডলির প্রধাণ এরিক রেইচ বলেছেন, "বাফেলোর নতুন ব্যবসা শুরু করার অনুকূল পরিবেশের একটি ভূমিকা আছে - এবং সেই পরিবেশটি তৈরি করতে 43North কোম্পানিগুলি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এই আশাব্যঞ্জক নতুন শুরু হওয়া কোম্পানিগুলি 43নর্থ থেকে বিনিয়োগ পাওয়ার পর থেকে ভেঞ্চার ক্যাপিটালে 200 মিলিয়ন ডলারে উন্নীত হয়েছে, এবং আমি উদ্দীপিত যে তারা এখন আমাদের কমিউনিটিতে 400-র বেশি কর্মসংস্থান সৃষ্টি করেছে।"

43North এর প্রেসিডেন্ট আলেক্স গ্রেস বলেছেন, "43North বিশ্বমানের সবেমাত্র শুরু হওয়া ব্যবসাগুলিকে আকর্ষণ করাকে এবং আমাদের কমিউনিটিতে বড় হতে এবং উন্নতি সাধন করাতে সহায়তা করাকে মূল লক্ষ্য রেখেছে। আমাদের কোম্পানিগুলিকে সহায়তা করতে অন্যতম উপায় হল নিয়োগে সহায়তা করা, যাতে বাফেলোর কঠোর পরিশ্রমী, সুদক্ষ কর্মীবলের থেকে সহজেই নিয়োগ করা সম্ভবপর হয়। আজ, আমরা 43North এর পশ্চিম নিউ ইয়র্কে ইতিমধ্যে সৃষ্টি করা 400টি কর্মসংস্থান উদযাপন করছি, আমাদের বিশ্বাস, মাইলস্টোনটি দেখে, একটি বিনিয়োগের অল্প দিনের মধ্যে এরকম অভাবনীয় লাভ প্রত্যক্ষ করে আমাদের কোম্পানিগুলি বাফেলোতে আগামী দিনে আরও বিনিয়োগ উৎসাহিত হবে।"

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের চেয়ারম্যান জন আর. কোয়েলমেল বলেছেন, "কয়েক ডজন কোম্পানি পশ্চিম নিউ ইয়র্কের জন্য একটি সাফল্যের দৃষ্টান্ত তৈরি করেছে 43North প্রতিযোগিতার দৃশ্যমানতা এবং সাফল্যের জন্য ধন্যবাদ। নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ বিনিয়োগ ও উদ্ভাবনী, এবং সহায়তা প্রদান করতে এবং নতুন স্থাপিত ব্যবসাগুলিকে প্রশিক্ষিত করার জন্য দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ। বছরের পর বছর ধরে 43North উঠতি শিল্পগুলিতে কর্মসংস্থানের অভূতপূর্ব বৃদ্ধি ঘটিয়েছে এবং সমগ্র অঞ্চলটিতে কর্মশক্তি প্রদান করেছে।"

জর্জ চামন, ACV অক্সানের প্রধান নির্বাহী কর্মকর্তা বলেছেন, "ACV অক্সান বাফেলোকে স্বভূমি বলতে গর্ব বোধ করে এবং কমিউনিটির 260 জনেরও বেশি সদস্যকে আমাদের কোম্পানিতে স্বাগত জানিয়েছে। পশ্চিম নিউ ইয়র্কে আমাদের কয়েক ডজন চাকরি খালি আছে, এবং যেহেতু আমরা হোলসেল অটো অক্সান শিল্পের উন্নতি করছি এবং আমূল পরিবর্তন ঘটিয়েছি তাই আমরা স্থানীয় চাকরি প্রার্থীদের আমাদের সাথে যোগদান করতে উৎসাহিত করছি।"

নিকোলাস ক্লারমন্ট, সোমাডিটেক্ট (SomaDetect) এর মুখ্য ডিজাইন আধিকারিক বলেছেন, "পশ্চিম নিউ ইয়র্কে প্রতিভাবানদের নিয়োগ করতে সোমাডিটেক্টের একটি ইতিবাচক অভিজ্ঞতা হয়েছিল। যবে থেকে আমরা বাফেলোতে এসেছি, আমরা অঞ্চলটিতে এগারো জন পূর্ণ-সময়ের, দুটি আংশিক-সময়ের, এবং দুজন কন্ট্রাক্ট কর্মচারি নিয়োগ করেছি। বাফেলো কমিউনিটিতে প্রোডাক্ট ডেভেলপমেন্ট, বিজনেস, এবং অপারেশনে সম্প্রতি আমাদের 12টি পদ খালি আছে। যোগ্য সকলকে আমরা আবেদন করতে উৎসাহিত করি!"

রায়ান ক্যারল, ক্লিনফাইবারের (CleanFiber) মানবসম্পদ এবং ট্যালেন্ট অ্যাকুইজিশনের ডিরেক্টর বলেছেন, "বাফেলোর প্রতিভাবান চাকরিপ্রার্থীদের থেকে আমাদের সংস্থায় সমস্ত স্তরে কর্মচারি নিয়োগ করে ক্লিনফাইবার নিজের উন্নতিতে সহায়তা পেয়েছে। আমাদের টিমের সদস্যরা আমাদের লক্ষ্যের জন্য আবেগ ও উদ্দীপনা নিয়ে এসেছে এবং ক্লিনফাইবারে তাদের কাজের মাধ্যমে স্থানীয় বাস্তুতন্ত্রে অবদান রাখার জন্য যারপরনাই উদ্দীপিত। আমরা আশা করছি নির্ধারিত সময়ের আগেই আমাদের একটি বহুমুখী কর্মীবল গঠনের লক্ষ্য আমরা পূরণ করব, বাফেলোর সরবরাহ করা যোগ্য কর্মীবলকে ধন্যবাদ।"

লিজ সাই, হাইঅপারেটরের (HiOperator) প্রধান নির্বাহী কর্মকর্তা বলেছেন, "হাইঅপারেটর টিম বাফেলোতে আসার জন্য সত্যিই উদ্দীপিত! আমাদের অবিরত উন্নতিকে ত্বরান্বিত করতে সহায়তা করার জন্য আমরা পশ্চিম নিউ ইয়র্কে সঠিক প্রতিভা অনুসন্ধান করছি - সেইজন্য গত দুমাসে আমরা বাফেলোতে 15 জনের বেশি নতুন লোক নিয়োগ করেছি এবং ভার্চুয়ালি সমস্ত পদমর্যাদায় নিয়োগ অব্যাহত রেখেছি।"

সিনেটর টিম কেনেডি বলেন, "এই মাইলস্টোন - 43North কোম্পানিগুলি দ্বারা সৃষ্ট 400 নতুন কর্মসংস্থান - বাফেলোর অসাধারণ পুনর্জন্মের আরও একটি উদাহরণ। 43North এর একটি প্রাণবন্ত এবং উদ্দীপক স্টার্টআপ সংস্কৃতিতে নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগ ইতিমধ্যে লাভজনক প্রতিভাত হয়েছে, এবং আমি আশা করব যে ভবিষ্যতে এই ধরণের আরও ঘোষণা হবে। বাফেলো সিটির মানুষের উপর ভরসা রাখা বেছে নেওয়া 43North এ থাকা টিম এবং ব্যবসাগুলিকে অভিনন্দন জানাই।"

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল দি. পিপলস-স্টোকস বলেন, "পশ্চিম নিউ ইয়র্কে 400-র বেশি কর্মসংস্থান সৃষ্টির এই মুখ্য মাইলস্টোনে ছাপ রাখার জন্য আমরা 43North কে অভিনন্দন জানাই। 5 মিলিয়ন ডলারের প্রতিযোগিতা ব্যবসাগুলি শুরু করার জন্য শুধু একটি বিনিয়োগই নয় পরন্তু সমগ্র অঞ্চলের দীর্ঘমেয়াদী ভবিষ্যতেও একটি বিনিয়োগ।"

বাফেলোর মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন, "বাফেলোর নবজাগরণে আমার প্রশাসনের একজন গুরুত্বপূর্ণ অংশীদার 43North এবং 2014 সালে এটির সূচনা থেকে সিটির উদ্যোগী পরিবেশ গঠনে সহায়তা করেছে। বাফেলোতে তাদের ব্যবসা বাড়াবার জন্য এবং আমাদের আবাসিকদের জন্য শতাধিক কর্মসংস্থান সৃষ্টি করার জন্য আমি সকল উদ্যোগপতিদের ধন্যবাদ জানাই। বাফেলো এবং পশ্চিম নিউ ইয়র্কের জন্য গভর্নর কুওমোর বাফেলো বিলিয়ন (Buffalo Billion) বিনিয়োগ প্রকল্পের অন্য একটি সফল উপাদান হল 43North।"

43North সম্পর্কে

43North হল স্টার্টআপ প্রতিযোগিতা যা বাফেলোতে সবেমাত্র-শুরু করা কোম্পানিগুলিকে আকর্ষিত করতে এবং এই অঞ্চলে তাদের প্রভূত উন্নতি সাধন করতে বছরে 5 মিলিয়ন ডলার বিনিয়োগ করে। 43North পোর্টফোলিও কোম্পানিগুলি বাফেলোতে বিনামূল্যে এক বছরের জন্য ইনকুইবেটরের জায়গা পাবে, তাদের

ক্ষেত্রের সাথে সম্পর্কিত মেন্টরদের থেকে পরামর্শ এবং START-UP NY এর মত আকর্ষণীয় ব্যবসা প্রণোদক প্রকল্পে প্রবেশাধিকার পাবে। 43North, গভর্নর অ্যান্ড্রু কুওমোর বাফেলো বিলিয়ন উদ্যোগ, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং অন্য বিভিন্ন প্রযোজকদের সহায়তার মাধ্যমে কাজ করে। 43North সম্পর্কে আরও তথ্যের জন্য, https://protect2.fireeye.com/url?k=c1e9dc41-9dd17b23-c1eb2574-000babd9f75c-e458d56e79525696&u=http://www.43north.org/ দেখুন।

ইগনাইট বাফেলো সম্পর্কে
ইগনাইট বাফেলো হল একটি ছোটো ব্যবসায়িক অনুদান এবং প্রশিক্ষণ প্রকল্প যা নিউ ইয়র্কের বাফেলোর দীর্ঘস্থায়ী উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, এবং চলতে থাকা শিক্ষার উন্নতি সাধনের জন্য 43North, ফেসবুক, M&T ব্যাঙ্ক (M&T Bank), এবং অন্যান্য অংশীদারদের দ্বারা গঠিত হয়েছিল। প্রকল্পটি বিনামূল্যের প্রোগ্রামিং এবং রিসোর্সের মাধ্যমে শিল্পের বিশেষজ্ঞদের কাছে প্রবেশাধিকার প্রদান করে, এবং অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার জন্য 27টি ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানকে 1 মিলিয়ন ডলার অনুদান দিয়ে পুরস্কৃত করা হয়। ইগনাইট বাফেলো সম্পর্কে আরও জানতে ignitebuffalo.org দেখুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন